চুয়াডাঙ্গায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজের জন্য জমির চেক বিতরণ

চুয়াডাঙ্গায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে অধিগ্রহণকৃত জমির জমির ক্ষতিগ্রস্তদের মাঝে চেক বিতরণ করা হয়। চু্য়াডাঙ্গা সদরের জাফরপুর গ্রামে শশানতলায় বেলা সাড়ে চারটার সময় এই চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, এ সময় তিনি বলেন, সরকার কর্তৃক নির্ধারিত চুয়াডাঙ্গায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে এই জমি অধিগ্রহণ করা হয়েছে। বর্তমানে অধিগ্রহণকৃত মোট জমির মালিকদেরকে অধিগ্রহণকৃত জমির ক্ষতিগ্রস্তদের মাঝে মাঝে আজকে চেক বিতরণ করা হচ্ছে এবং পর্যায়ক্রমে সকলকে চেক বিতরণ করা হবে।

চুয়াডাঙ্গা বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ স্থাপনের লক্ষ্যে সরকার কর্তৃক মোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ ৮৩.৭৩ একর। মোট টাকার পরিমাণ ৯৪কোটি ৪৬ লক্ষ ৬৫ হাজার ৩ শত ২ টাকা। অদ্য ৯ টি চেকে ১কোটি ৬৬লক্ষ ৮৫হাজার ৪শত ৩টাকা বিতরণ করা হয়।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক( রাজস্ব)আরাফাত রহমান, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হুমায়ন কবির, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট মালিক আকবর, ৭নং পদ্মবিলা ইউনিয়নের চেয়ারম্যান আলম আলী সহ জেলা প্রশাসক ও বিজিবি উর্ধতন কর্মকর্তা বৃন্দ।